গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
নবাবগঞ্জ,দিনাজপুর।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# বিজ্ঞপ্তি

আগামী ২৩-১২-২০২১ ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল: ১১:০০ ঘটিকায় উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে উপজেলা সভা কক্ষে "জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ" কমিটির এক সভার আহ্বান করা হয়েছে। উক্ত সভায় যথা সময়ের উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ করা হইল।

আলোচ্য সূচী:
১। স্যানিটেশন বিষয়ে আলোচনা।
২। অন্যান্য।

১৭/12/2021
( মোঃ আমীর হোসেন)
সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি
নবাবগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং:৪৬.২০৩.২৭৬৯.৩০১. তারিখ:
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:
১। উপজেলা ভাইস চেয়ারম্যান, নবাবগঞ্জ উপজেলা পরিষদ,নবাবগঞ্জ,দিনাজপুর।
২। চেয়ারম্যান ১নং জয়পুর ইউনিয়ন পরিষদ।
৩। চেয়ারম্যান ৩নং গোলাপগঞ্জ ইউনিয়ন পরিষদ।
৪। চেয়ারম্যান ৭ নং দাউদপুর ইউনিয়ন পরিষদ।

( মোঃ আমীর হোসেন)
সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি
নবাবগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং:৪৬.২০৩.২৭৬৯.৩০১.06.043.14 —— 622(৬) তারিখ: ১৭/12/2021
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইল:
১। উপজেলা চেয়ারম্যান, নবাবগঞ্জ উপজেলা পরিষদ,নবাবগঞ্জ,দিনাজপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার,নবাবগঞ্জ,দিনাজপুর।

১৭/12/2020
( মোঃ আমীর হোসেন)
সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি
নবাবগঞ্জ,দিনাজপুর।

CS CamScanner

## জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ আব্দুর রাজ্জাক
উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ
সভার স্থানঃ উপজেলা সভাকক্ষ
সভার সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা
তারিখঃ ২৩-১২-২০২১ইং

### উপস্থিত সন্মানিত সদস্যবন্দের বিবরণী

| ক্র:নং | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,নবাবগঞ্জ | সভাপতি | স্বাক্ষরিত |
| ২ | চেয়ারম্যান ১নং জয়পুর ইউনিয়ন পরিষদ | সদস্য | ,, |
| ৩ | চেয়ারম্যান ৩নং গোলাপগঞ্জ ইউনিয়ন পরিষদ | সদস্য | ,, |
| ৪ | চেয়ারম্যান ৭ নং দাউদপুর ইউনিয়ন পরিষদ | সদস্য | ,, |
| ৫ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য সচিব | ,, |

সভায় উপস্থিত সন্মানিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় আলোচনার সূত্রপাত করেন। সভার শুরুতেই সহকারী প্রকৌশলীর নিকটে কাজের অগ্রগতির বিষয়ে জানতে চাওয়া হ'লে তিনি জানান যে, ২০২১- ২২ ইং অর্থ বৎসরের বরাদ্দ প্রাপ্ত নলকূপ গুলির স্থান নির্বাচন কার্যক্রম চলমান আছে। মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নিকট হতেও অধিকাংশ স্থান তালিকা ইতিমধ্যেই পাওয়া গেছে এবং তৎসহ ইউনিয়ন ওয়্যাটস্যান কমিটির মাধ্যমেও প্রায় বেশীর ভাগ নির্বাচিত স্থানের তলিকাও পাওয়া গিয়েছে। ইত্যবসরে দিনাজপুর বিভাগীয় কার্যালয়ে টেন্ডার আহবান করা হয়েছে এবং কার্যাদেশ প্রদান করা হলেই নিয়োগকৃত ঠিকাদারের মাধ্যমে নলকূপের স্থাপন কার্যক্রম আরাম্ভ হবে।

সহকারী প্রকৌশলী আরো জানান যে, স্থানীয় সরকারী প্রকৌশল অধিদপ্তরে যোগাযোগ করে জানা যায় যে,২০২১- ২২ ইং অর্থ বৎসরের আওতায় উপজেলা এ.ডি.পি'র ৩য় কিস্তির বরাদ্দ এখনো আসে নাই; তবে অনতিবিলম্বে হয়তো ৩য় কিস্তির বরাদ্দ আসবে।

সভাপতি মহোদয় অবহিত করেন যে, ১ম এবং ২য় কিস্তির বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে এই সভায় গৃহীত প্রস্তাব সমূহ তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরে এনেছেন এবং তদনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের ব্যবস্থা চলমান রয়েছে।

সহকারী প্রকৌশলী সভায় জানান যে, জয়পুর, ভাদুরিয়া, বিনোদনগর এই ৩টি ইউনিয়নের কয়েকটি আদিবাসী পাড়ায় ইতিমধ্যেই তিনি সরেজমিনে পরিদর্শন করেছেন এবং তাতে লক্ষ্য করা গেছে যে, আদিবাসী পাড়াগুলোতে স্যানিটেশনের অবস্থা এবং পানীয় জলের অবস্থা খুব একটা সন্তোষজনক নয়। তাই এই আদিবাসীপাড়া গুলোতে কমপক্ষে ৬০ সেট রিং স্লাব বিনামূল্যে বিতরণ করা দরকার। এর পাশাপাশি পানীয় জল সরবরাহ নিশ্চিত করনার্থে আপাততঃ ৩০০টি পরিবারে কমপক্ষে ৩০টি নলকূপ স্থাপনের ব্যবস্থা করা দরকার। তাতে আদিবাসী পরিবারগুলির স্যানিটেশন ব্যবস্থার কিছুটা উন্নতি হবে।

সভাপতি মহোদয় বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনায় আনেন এবং উপজেলা এ.ডি.পি'র স্যানিটেশন খাতের বরাদ্দ হ'তে আদিবাসী পাড়া গুলোতে যেখানে বেশী প্রয়োজন সেইখানে রিং স্লাব বিতরণ এবং নলকূপ স্থাপনের পদক্ষেপ নেওয়া হবে মর্মে অভিমত দেন।

CamScanner

অতপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করতঃ সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৯/১২/২০২০

(মোঃ আব্দুর রাজ্জাক)
সভাপতি
জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি
সরবরাহ কমিটি
ও
উপজেলা ভাইস চেয়ারম্যান,
নবাবগঞ্জ, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
নবাবগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং:৪৬.২০৩.২৭৬৯.৩০১.০৬,০৫৫.১৮ ———— ৩২৪(২)   তারিখ: ২৯/১২/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১। উপজেলা চেয়ারম্যান, নবাবগঞ্জ উপজেলা পরিষদ,নবাবগঞ্জ,দিনাজপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার,নবাবগঞ্জ,দিনাজপুর।

২৯/১২/২০২০

( মোঃ আমীর হোসেন)
সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
নবাবগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং:৪৬.২০৩.২৭৬৯.৩০১.   তারিখ:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১। উপজেলা ভাইস চেয়ারম্যান, নবাবগঞ্জ উপজেলা পরিষদ,নবাবগঞ্জ,দিনাজপুর।
২। চেয়ারম্যান ১নং জয়পুর ইউনিয়ন পরিষদ।
৩। চেয়ারম্যান ৩নং গোলাপগঞ্জ ইউনিয়ন পরিষদ
৪। চেয়ারম্যান ৭ নং দাউদপুর ইউনিয়ন পরিষদ

( মোঃ আমীর হোসেন)
সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
নবাবগঞ্জ,দিনাজপুর।

CamScanner